



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিবিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার নং-০২

তারিখঃ ৩০ বৈশাখ, ১৪২৭ বাং

১৩ মে, ২০২০ ইং

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রভাব মোকাবেলায়
৩৬০ দিন মেয়াদি বিশেষ রেপো (পুনঃক্রয় চুক্তি) প্রচলন প্রসঙ্গে।**

আপনারা অবহিত রয়েছেন যে, নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব বিশ্বব্যাপী ছড়িয়ে পড়ায় বাংলাদেশের অর্থনীতির উপর এর বিরূপ প্রভাব মোকাবেলায় সরকার ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক সম্প্রতি বিভিন্ন আর্থিক প্রণোদনা প্যাকেজ ঘোষণা করা হয়েছে। উক্ত প্রণোদনা প্যাকেজসমূহ বাস্তবায়নে মুদ্রাবাজারে তারল্য ব্যবস্থাপনা সুষ্ঠুতর করার লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে ৩৬০ দিন মেয়াদি বিশেষ রেপো (পুনঃক্রয় চুক্তি) প্রচলন করা হলো:

১. বিদ্যমান রেপো হারকে ভিত্তি ধরে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত মুদ্রানীতি ও মুদ্রা বাজারের তারল্য পরিস্থিতি বিবেচনাপূর্বক এ বিশেষ রেপোর (পুনঃক্রয় চুক্তি) সুদের হার ও পরিমাণ বাংলাদেশ ব্যাংকের অকশন কমিটি কর্তৃক প্রতি অকশনে নির্ধারিত হবে। অকশনে অকশন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
২. অংশগ্রহণকারী তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তার ধারনকৃত এসএলআর এর অতিরিক্ত সরকারি সিকিউরিটিজসমূহ বাংলাদেশ ব্যাংকের নিকট জামানত রেখে এ অর্থ গ্রহণ করতে পারবে। উক্ত রেপো লেনদেন এতদসংক্রান্ত নিয়মাতার পরিপালন সাপেক্ষে Collateralized Repo লেনদেন হিসেবে বিবেচনা করা হবে;
৩. ট্রেজারি বিল এবং বন্ডের অভিহিত মূল্যের (Face Value) উপর যথাক্রমে ১৫% এবং ৫% মার্জিন প্রয়োগ করে অভিহিত মূল্যের অবশিষ্ট অর্থ রেপো হিসেবে প্রদান করা হবে। এইরূপ রেপোর বিপরীতে বন্ধকীকৃত সম্পূর্ণ সিকিউরিটিজ (বাজারমূল্য/অভিহিত মূল্য অনুসারে) দায়যুক্ত (Encumbered) হিসেবে বিবেচিত হবে এবং এই সিকিউরিটিজ অন্য কোন ক্ষেত্রের জন্য জামানত বা সহজে বিনিয়োগযোগ্য সম্পদ হিসাবে বিবেচিত হবে না;
৪. এ রেপোর মাধ্যমে গৃহীত অর্থ সম্প্রতি ঘোষিত বিভিন্ন আর্থিক প্রণোদনা প্যাকেজসমূহের বাস্তবায়নে বিনিয়োগ করতে হবে। এ অর্থ বিনিয়োগপূর্বক খাতসমূহ উল্লেখ করে মাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকের ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টকে অবহিত করতে হবে;
৫. এ রেপোর মাধ্যমে গৃহীত অর্থ বাংলাদেশ ব্যাংকের ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টের পূর্বানুমোদন ব্যতিরেকে সরকারি সিকিউরিটিজ ও বাংলাদেশ ব্যাংক বিলে বিনিয়োগ করা যাবে না;
৬. প্রচলিত নিয়মানুসারে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশ ব্যাংকে বিড দাখিল করবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত এই ব্যবস্থা বলবৎ থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ খুরশীদ আলম)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০১৩১

ই-মেইল: khurshid.alam@bb.org.bd